56

আজকের কাগজ

তারিখ ... 25 APR 1996

পৃষ্ঠা ৮ কলাম ৫

# ভর্তি নির্দেশিকায় ভুল — হাজার হাজার ছাত্র-ছাত্রী বিপাকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম বিক্রি হতাশাব্যঞ্জক

হাসিবুল আলম প্রধান ঃ গত ৮ এপ্রিল থেকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণীতে ভর্তি ফরম প্রদান করার পর গত ২১ এপ্রিল পর্যন্ত ভর্তি ফরম বিক্রি হয়েছে ৩৭ হাজারের মতো। অন্যান্য বছরের তুলনায় এ বছর ভর্তি ফরম বিক্রির সংখ্যা অনেক কম। উল্লেখ্য, গত বছর তিন হাজার আসনের জন্যে প্রায় ষাট হাজার ভর্তি ফরম বিক্রি হয়েছিলো। অবশ্য এবার কিছু শর্ত আরোপ করা হলেও ভর্তি ফরম বিক্রি অন্যান্য বারের তুলনায় হতাশাব্যঞ্জক বলে বিভিন্ন সূত্র থেকে জানা গেছে। অব্যাহত সন্ত্রাস ও অকল্পনীয় সেশন জটের কবলে বিপর্যস্ত এ বিশ্ববিদ্যালয়ে পড়ার আগ্রহ ছাত্র-ছাত্রিরা হারিয়ে ফেলেছে। অনেকে যারা বিভিন্ন কলেজে অনার্স কোর্সে ভর্তি হয়েছে তাদের অনেকেই আর এ বিশ্ববিদ্যালয়ে ভর্তি ফরম জমা দিচ্ছে না। অন্যান্য বারের মতো এবার বিশ্ববিদ্যালয়ের ব্যাংকেও ভর্তি ফরম উঠানোর তেমন ভিড় লক্ষ্য করা যাচ্ছে না। এদিকে বিশ্ববিদ্যালয়ের পাঠক ফোরাম নামে একটি সংগঠনের একজন কর্মকর্তা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম পত্রিকায় বিজ্ঞাপনের সঙ্গে ব্যবহার করে ভর্তি ফরম জমা নেওয়া-দেয়ার নিশ্চয়তা প্রদান করলে কলা অনুষদের ডীন প্রফেসর আঃ খালেকসহ অনেক শিক্ষকের দৃষ্টি গোচর হয়। শিক্ষকরা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম পত্রিকায় ব্যবহার করে ফরম বিক্রির জঘন্য অপচেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ করলেও উক্ত সংগঠনের কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ না করায় অনেকে উদ্বেগ প্রকাশ করেছে। এবার ভর্তি ফরম সর্বাধিক বিক্রি হয়েছে কলা অনুষদে এবং এই অনুষদে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে ভর্তির যাবতীয় কাগজপত্র লক্ষ্য করা হচ্ছে বলে কলা অনুষদের ডীন ডঃ আব্দুল খালেক জানিয়েছেন। এদিকে ভর্তি নির্দেশিকায় ভুল ছাপার কারণে হাজার হাজার ছাত্র-ছাত্রী বিপাকে পড়েছে। ভর্তি নির্দেশিকায় আইন অনুষদে ভর্তি পরীক্ষার সংশ্লিষ্ট বিষয়সমূহের জায়গায় একখানে সাধারণ জ্ঞানের কথা উল্লেখ করা হয়েছে এবং অন্য জায়গায় সাধারণ বিজ্ঞানের কথা উল্লেখ করা হয়েছে। আইন অনুষদের ভর্তি পরীক্ষায় সাধারণ জ্ঞান না সাধারণ বিজ্ঞান থাকবে এ নিয়ে হাজার হাজার ছাত্র-ছাত্রী উৎকণ্ঠিত। যদিও প্রেস জনসংযোগ দফতরের একটি সূত্র থেকে জানা গেছে যে, এবার কোনো অনুষদেই সাধারণ জ্ঞান নেই। অথচ ব্যাপারটি পরিষ্কার না করেই ভুল ছাপানো নির্দেশিকাগুলোও সরবরাহ করা হয়েছে। উল্লেখ্য এর আগে প্রতিবছর সামাজিক অনুষদ ও আইন অনুষদে ৫০ করে সাধারণ জ্ঞানের প্রশ্ন থাকতো।

এ দিকে ভর্তি পরীক্ষা কমিটি সূত্রে জানা গেছে, ১৪ মে থেকে ১৬ মে পর্যন্ত ভর্তি পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হবে। ১৪ মে সকালে বিজ্ঞান অনুষদ এবং বিকেলে আইন অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১৫ মে সকালে কলা অনুষদ, বিকেলে ব্যবসা ও বাণিজ্য অনুষদ এবং ১৬ মে সকালে সামাজিক অনুষদ ও বিকেলে জীব ও ভূ-বিজ্ঞান অনুষদের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সকালের পরীক্ষাগুলো ৯টা থেকে ১২টা এবং বিকেলেরগুলো ২টা ৩০ মিনিট থেকে ৫টা ৩০ মিনিট পর্যন্ত চলবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে একই সময়ে কয়েকটি অনুষদের পরীক্ষা পড়ায় ছাত্র-ছাত্রিরা প্রচণ্ড হয়রানির শিকার হবে বলে ধারণা করা হচ্ছে। অনেক ছাত্র-ছাত্রী বিষয়টি ভেবে দেখার জন্যে উভয় বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন।